

ফতোয়া : হিন্দু ছেলের সঙ্গে প্রেমের অপরাধে পরিবারকে গ্রামছাড়া

আজকেরকাজ

বৃহস্পতিবার
তৈজষ্ঠ ২৫, ১৪১৩
জমাদিউল আউয়াল ১০, ১৪২৭
June 08, 2006

কক্সবাজারে হিন্দু ছেলের সঙ্গে প্রেমের অপরাধে শাহেদার পরিবারকে গ্রাম ছাড়ার ফতোয়া

সায়ীদ আলীম, ঈদগাঁও (কক্সবাজার) প্রতিনিধি

হিন্দু-মুসলিম প্রেমিক জুটির নিরুদ্দেশকে কেন্দ্র করে মুসলিম পরিবারটি ফতোয়াবাজির শিকার হয়ে মানবেতর দিন কাটাচ্ছে। আগামীকালের মধ্যে তাদের গ্রাম ছাড়ার নির্দেশ দেওয়া হয়েছে। তাই উৎকণ্ঠার মধ্যে দিন কাটাচ্ছে পরিবারটি। ঈদগাঁও'র চৌফলদভীতে এ ঘটনাটি ঘটেছে গত মঙ্গলবার।

এলাকাসী ও ভুক্তভোগী ওই পরিবার সূত্রে জানা যায়, চৌফলদভী খামার পাড়ায় দরিদ্র ছৈয়দ আলমের কন্যা শাহেদা আক্তার (১৭) স্থানীয় মিয়াবাজারের ধূপি প্রদীপ কাস্তি'র হাত ধরে নিরুদ্দেশ হয়েছে। এ খবর এলাকায় ছড়িয়ে পড়লে গত মঙ্গলবার স্থানীয় প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে শালিশ বৈঠক বসে। ওই শালিশে এলাকাসীর সামনে গ্রাম্য মোড়ল শাহেদা আক্তারের পরিবারকে আগামীকাল শুক্রবারের মধ্যে এলাকা ছাড়ার নির্দেশ দিয়েছে বলে জানা যায়।

হিন্দু ছেলের সঙ্গে মুসলিম মেয়ের পলায়নের ধর্মীয় দৃষ্টিতে শাস্তি কী হবে আগামীকাল জুমা'র নামাজের পর নির্ধারণ করা হবে। গ্রাম্য মোড়ল কাল খতিবের রায়ের পর শাহেদার বাবা. মেয়ে এলাকা ছাড়ার জন্য প্রস্তুতি নিতে বলেছে। ওই শালিশ বৈঠকের পর থেকে মুসলিম পরিবারটিতে চরম উৎকণ্ঠা বিরাজ করছে।

এক সূত্রে প্রকাশ, সৈয়দ আলমের পরিবার খুবই নিরীহ। তাদের ক্ষুদ্র ভিটা নিয়ে পার্শ্ববর্তী জনৈক ব্যক্তির সঙ্গে মামলা চলছে। প্রেমিক জুটির নিরুদ্দেশ হওয়ার বিষয়টি নিয়ে তারা গ্রাম্য মোড়লসহ ধর্মপ্রাণ মানুষদের ক্ষেপিয়ে তুলছে। ইন্ধন দিচ্ছে যাতে শাহেদার বাবা সৈয়দ আলমকে গ্রাম ছাড়া করা যায়। খতিবের ফতোয়ার রায় কী হবে এনিয়ে এলাকায় চাঞ্চল্যের পাশাপাশি উত্তেজনা বিরাজ করছে।

http://www.ajkerkagoj.com/2006/June08/last_page.html#13